# কেম্ব্রিজ

# IELTS 12

## (GT) রিডিং Solve

Recent Bazar

**Saifur Rahman Khan**

" যেভাবে **শিখেছি** বাংলা,
**সেভাবে** শিখবো **ইংলিশ** "

**- এই যুগান্তকারী সহজ পদ্ধতির উদ্ভাবক।**

**Edition** ➢ **2025**

**Published By** ➢ **S@ifur's Publication**

**Copyright ©** ➢ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোন অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা।
মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

Recent Bazar

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16;
**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

***Price: Tk. 200 (Fixed); US $ 8 only***

# Table of Contents

## Test # 5


সেকশন # 01 : ........................................................................ 009
: *Big Rock Climbing Centre* ........................................ 014
☞ বাক্য বুঝার ডিকশনারীর নমুনা পৃষ্ঠা ........................................ 018

সেকশন # 02 : *Marketing advice for new businesses* ...................... 020
: *Working Time Regulations for Mobile Workers* ......... 025
☞ বড় **English** বাক্যের বাংলা অর্থ ভেঙ্গে ভেঙ্গে বুঝার নমুনা পৃষ্ঠা .......... 030

সেকশন # 03 : *A brief history of automata* ........................................ 031
☞ বাংলা অর্থ বুঝার ব্যতিক্রমি **Dictionary** বইয়ের নমুনা পৃষ্ঠা ................ 040


## Test # 6


সেকশন # 01 : *Lost, Damaged .......... Claim Form* .............................. 041
: *Days out for the family* .................................................. 046
☞ **English** বাক্যের বাংলা অর্থ তৃপ্তিসহ বুঝার **Dictionary**
S@ifur's **4G** গ্রামার বইয়ের একটি নমুনা পৃষ্ঠা ................................ 051

সেকশন # 02 : *North Sydney Council* .................................................... 052
: *Registering As An Apprentice* ........................................ 056
☞ ইংলিশ শিখবো বাংলা অর্থ দিয়ে ................................................ 060

সেকশন # 03 : *Crossing the Humber Estuary* ...................................... 061
☞ পৃথিবীতে এইই্ প্রথম বাক্য বুঝার ডিকশনারী ..................................... 075


Recent Bazar

## Table of Contents

### Test # 7


সেকশন # 01 : *Evening Courses* ............ 076
: *The Bike Foundry* ............ 081
☞ বাক্যের মাধ্যমে **Vocabulary** শেখার একমাত্র বই
S@ifur's **Competitive Vocabulary** বইয়ের একটি নমুনা পৃষ্ঠা ...... 086

সেকশন # 02 : *Benefits for staff of Hamberton Hospital* ............ 087
: *Performance-related pay* ............ 091
☞ S@ifur's **Competitive Vocabulary** বইয়ের একটি নমুনা পৃষ্ঠা ...... 095

সেকশন # 03 : *Marine Ecosystems* ............ 096
☞ একজন **ADC** সাহেবের কথা ............ 112


### Test # 8


সেকশন # 01 : *Music Clubs* ............ 113
: *Biological Research Institute* ............ 118
☞ S@ifur's **ইংলিশে জিরো থেকে হিরো** বইয়ের দুইটি নমুনা পৃষ্ঠা ............ 122

সেকশন # 02 : *Negotiating a better .......... your new job* ............ 124
: *How to run a successful project* ............ 128
☞ S@ifur's **Passport to গ্রামার** বইয়ের নমুনা পৃষ্ঠা ............ 134

সেকশন # 03 : *Mass appeal of the manta rays* ............ 136
☞ একটা উপকারী পরামর্শ ............ 148


Recent Bazar

# Test # 5

## Section 1

### Step # 1

Text-এর sub-হেডিং-গুলোতে চোখ বুলিয়ে বুঝলাম প্রদত্ত Text-এ বিভিন্ন ধরনের *Festival* তথা উৎসব নিয়ে আলোচনা করা হয়েছে। এবার সরাসরি প্রশ্নে যেয়ে # **1-8**-এ কতগুলো statements পেলাম। statements-গুলো আগের page-এর **(A-G)**-এর *festivals*-এর ৭টি বিজ্ঞাপনের কোন্ কোন্টির জন্য প্রযোজ্য, তা বের করতে হবে।

যেহেতু এই ধরনের প্রশ্নের উত্তরগুলো পর পর serially পাওয়া যায় না, আবার একসঙ্গে **(1-8)**-এর সবগুলো বক্তব্য পড়ে ফেললে এতগুলো তথ্য মাথায় জট পাকিয়ে যাবে, তাই প্রথম ৩-টা statements **(1-3)** মন দিয়ে পড়লাম:

**1.** *Visitors can help to make one particular event a success at this festival.*
(দর্শনার্থীরা সাহায্য করতে পারে একটি বিশেষ *event*-কে সফল করতে এই *festival* তথা উৎসবে।)

**2.** *People can listen to local musicians here.*
(মানুষ শুনতে পারে স্থানীয় সঙ্গীতশিল্পীদের গান এখানে।)

লোও্কাল্ = স্থানীয়

**3.** *At this festival, people can listen to music in lots of different places.*
(এই উৎসবে, মানুষ *music* শুনতে পারে ভিন্ন ভিন্ন অনেক জায়গায়।)

(ডিফ্রেন্ট)

Recent Bazar

### Step # 2

দ্রুত Text-এ ফেরত যেয়ে **(A)**-এর শুরু থেকে মন দিয়ে পড়ে 2nd ও 3rd লাইনে পেলাম:

*Starting with a great night of* *__free__* *music, 'Party in the City' this year is going to be no exception.* (অর্থাৎ, *free music*-এর একটি চমৎকার রাত্র দিয়ে শুরু হয়, এই বছরও '*Party in the City*' কোনো ব্যতিক্রম হবে না)। তার মানে, এই *event*-টা সবার জন্য *free*, অর্থাৎ, এর জন্য টাকা *pay* করার প্রয়োজন নেই।

**কেম্ব্রিজের বহু প্রশ্ন solve** করতে করতে আমি কিন্তু এখন বুঝে ফেলেছি, এই **'free'** ব্যাপারটা কোনো প্রশ্নের *statement*-এ থাকবে **!!**

**সমার্থক**

### Step # 3

দ্রুত প্রশ্নে যেয়ে **1-4**-এর statements-গুলোর সঙ্গে মিলিয়ে দেখলাম **A**-এর উপরের কথাটি প্রশ্নের **4**-নং বক্তব্যের সঙ্গে খুব ভালোভাবেই match করছে: *It is __not necessary to pay__ for one of the events here.*

তার মানে, বোঝাই যাচ্ছে **4**-এর উত্তর হবে: **(A)**।

## Step # 4

Text-এ ফেরত যেয়ে এবার **(B)**-এর প্রথম **2** লাইন মন দিয়ে পড়লাম:

*Often referred to as Europe's leading festival for new music, more than 300 bands will perform to around 10,000 people in 30-plus venues, meaning you're sure to see the next big thing in music.* **Q** (অর্থাৎ, নতুন music-এর জন্য প্রায়ই এটিকে ইউরোপের সেরা উৎসব হিসেবে উল্লেখ করা হয়, তিন'শরও বেশি ব্যান্ড দল সঙ্গীত পরিবেশন করবে প্রায় ১০০০০ মানুষের সামনে ৩০-টিরও বেশি ভেন্যুতে।) তার মানে, অনেকগুলো ভিন্ন ভিন্ন জায়গায় লোকজন এই উৎসবে গান শুনতে পারবে।

**Q** বাক্যটা পড়তে পড়তেই আমি বুঝে ফেলেছি *30-plus venues* ... নিয়ে প্রশ্ন হবে।

## Step # 5

*30-plus* ভেনিউস্‌কে ঘুরিয়ে বলা হলো *lots of different places.*

প্রশ্নে যেয়ে **3**-নং বক্তব্যটা মন দিয়ে পড়লাম:

*At this festival, people can listen to music in lots of different places.*

বোঝাই যাচ্ছে **3**-এর উত্তর হবে: **(B)**।

## Step # 6

Text-এ ফেরত যেয়ে এবার **(C)**-এর শুরু থেকে প্রথম ২/৩ লাইন মন দিয়ে পড়লাম:

*The much loved television series Springwatch celebrates the countryside as it does every year, with sheep herding, wood carving demonstrations, insect hunts and more activities ..........* (অর্থাৎ, বহু পছন্দের টিভি সিরিজ *Springwatch festival*-টি উদযাপন করে *countryside* অর্থাৎ, পল্লী-এলাকাকে যেমনটি এটা প্রতি বছরই করে থাকে, যেখানে ভেড়া চরানো, কাঠের কাজের প্রদর্শন, পোকামাকড় শিকার এবং আরো বিভিন্ন ধরনের কর্মকান্ড থাকে .........।)

তার মানে, লোকজন এখানে এসে কাঠের কারিগররা কীভাবে কাজ করে, সেটা দেখতে পারে।

**অ্যায্ ইট্ ডায্** = যেমন এটা করে।

***carve*** (কার্ভ্) = কাঠে খোদাই করে কোনো নকশা করা।

সমার্থক শব্দগুচ্ছ

## Step # 7

দ্রুত প্রশ্নে যেয়ে সর্বশেষ statement-টা মন দিয়ে পড়লাম:

**8.** *People can watch craftspeople at work here.*
(= মানুষ দেখতে পারে কারিগরদের কর্মরত অবস্থায় এখানে।)

অতএব, বোঝাই যাচ্ছে **8**-এর উত্তর হবে: **(C)**।

Recent Bazar

**শব্দের অর্থ**

***demonstration*** (ডেমন্‌স্ট্রেইশন্) = প্রদর্শন। ***country*** (কান্ট্রি) = এই শব্দটার আরেকটা অর্থ গ্রাম।
***countryside*** (কান্ট্রিসাইড্) = গ্রামের দিক। ***herding*** (হার্ডিং) = (ভেড়া, ছাগল প্রভৃতি) পাল চরানো।
***craftspeople*** (ক্রাফ্‌ট্‌স্-পিওপ্‌ল্) = (কাঠ ইত্যাদির) কারিগর।

(নমিনেইটেড্) = মনোনীত।

## Step # 8

(জান্‌রা) = (নাটক, সংগীত, উপন্যাস প্রভৃতি সাহিত্যের) বিভাগ বা শাখা।

Text-এ ফেরত যেয়ে এবার **(D)**-এর শুরু থেকে প্রথম ২ /৩ লাইন মন দিয়ে পড়লাম:

= থেকে

*Rightly <u>nominated</u> for the best family festival award every year since it began in 2005, this festival offers a combination of different music genres – many featuring <u>artists from around the Wychwood area</u>* ............ (অর্থাৎ, ২০০৫ সালে এটি শুরু হওয়ার পর থেকে প্রতি বছর যথার্থভাবেই সেরা *family festival award* তথা পুরস্কারের জন্য মনোনীত, এই উৎসবটি *visitor*-দেরকে দেয় মিউজিকের বিভিন্ন *genres* (অর্থাৎ, ধরনের) একটি *combination* তথা মিশ্রণ – অনেকগুলোতেই *Wychwood* এলাকার শিল্পীদের গানগুলো একটি বিশেষ *feature* বা বৈশিষ্ট্য হিসেবে স্থান পেয়েছে .......... )

এর পরেই আরো পড়লাম:

(সিলেক্‌শন্) = বহুসংখ্যক জিনিসের সমাহার যেখান থেকে *choose* করা যায়।

*and comedy, alongside a selection of outdoor cafés serving amazing world foods.* [এবং (উৎসবটি *offer* করে) কমেডি, পাশাপাশি আরো আছে বিভিন্ন ধরনের *outdoor cafes* তথা রেস্তোরাঁর সমাহার যেগুলো বিশ্বের চমৎকার সব খাবার পরিবেশন করে।]

*which serve* =

**উ**পরের আলোচনা থেকে স্পষ্ট বোঝা গেল যে **(D)**-এর *festival*-টি *family festival* হিসেবে বেশ সুখ্যাতি অর্জন করেছে। তার মানে, *family* অর্থাৎ, পরিবারের সদস্যরা বিশেষ করে বাচ্চাকাচ্চারা এখানে প্রচুর *enjoy* করবে। উৎসবটির আরেকটি বৈশিষ্ট্য হলো এই যে *Wychwood Music Festival*-টা *Wychwood* এলাকার স্থানীয় *artists* তথা *musicians*-দের গানগুলোকে আকর্ষণীয়ভাবে উপস্থাপন করে। এর ফলে উৎসবে যোগদানকারীরা *local musicians*-দের গানগুলো শুনতে পারে।

## Step # 9

দ্রুত প্রশ্নে যেয়ে উপরে বর্ণিত **(D)**-এর *Festival*-এর যে বিশেষ দিকগুলো তুলে ধরা হয়েছে তার একটির উল্লেখ পেলাম **2**-এ:

*People can listen to <u>local musicians</u> here.*

**সমার্থক বক্তব্য**

বোঝাই যাচ্ছে **2**-এর উত্তর হবে: **(D)**।

Recent Bazar

## Step # 10

যেহেতু প্রশ্নে বলা হয়েছে: *You may use any letter more than once*, অর্থাৎ, একই প্যারাতে দুটি উত্তরও থাকতে পারে, তাই উপরে প্রদত্ত **(D)**-এর বাক্যটির আর কোনো *information* প্রশ্নের অন্য কোনো statement-এর সংগে match করে কিনা, সেজন্য প্রশ্নের বাকি statement-গুলোতে দ্রুত চোখ বুলিয়ে **6**-এ পেলাম:

*Children will enjoy this festival.*

তার মানে, **6**-এর উত্তরও হবে: **(D)**, কেননা, *best family festival* পুরস্কার পেয়েছে এই **D**-এর উৎসব। *family* বলাতে বুঝা যাচ্ছে *children*-ও *enjoy* করবে এই *festival*।

## Step # 11

Text-এ ফেরত এবার **E**-এর শুরু থেকে মন দিয়ে পড়ে পেলাম:

*.... this festival aims to educate visitors about how food should be produced and where it should come from, through sampling a range of tasty treats, cooked on site.* (..... এই *festival*-টির লক্ষ্য হলো কীভাবে খাবার তৈরি করা উচিত এবং এটা কোথা থেকে আসা উচিত সে সম্পর্কে *visitor*-দেরকে শিক্ষা দান করা, বিভিন্ন ধরনের সুস্বাদু খাবার যেগুলো *on site*, মানে ঐ জায়গাতেই, অর্থাৎ উৎসবের স্থানেই রান্না করা হয় সেগুলো *sampling*, মানে সেগুলোর প্রতিটি থেকে কিছু কিছু করে স্বাদ পরীক্ষা করে দেখার মাধ্যমে।)

(ট্রীট্ = লোভনীয় খাবার) (*which are*)

তার মানে, *visitor*-রা এই উৎসবে *attend* করে খাবার তৈরির বিষয়ে *advice* তথা পরামর্শ পেতে পারে।

**শব্দের অর্থ**

***sample*** (স্যাম্প্ল্) = অল্প খাবার নিয়ে স্বাদ পরীক্ষা করা = নমুনা পরীক্ষা করা।

## Step # 12

দ্রুত প্রশ্নে যেয়ে মন দিয়ে পড়ে বুঝলাম, **7**-এর বক্তব্যটাই **E**-এর উপরের কথার সঙ্গে match করে।

*Visitors can get advice here.* অতএব, **7**-এর উত্তর হবে: **E**।

(**Passage**-এর বক্তব্যকে ঘুরিয়ে অন্য শব্দগুচ্ছ দিয়ে ***express*** করা হলো # 7-এ।)

## Step # 13

(**If .... tent** হলো ***subordinate clause***।)

Passage-এ ফেরত যেয়ে এবার **F**-এর শুরু থেকে মন দিয়ে পড়ে 2nd sentence-এ পেলাম:

*If you don't fancy taking a tent, some local residents usually offer to put visitors up.* [অর্থাৎ, আপনি যদি একটি *tent* বা তাবু নিয়ে যাওয়া পছন্দ না করেন, তাহলে কিছু কিছু স্থানীয় বাসিন্দা সাধারণত রাত্রে থাকার জন্য *visitor*-দের থাকার জায়গা প্রদান করে।]

তার মানে, এই উৎসবটিতে এসে *visitor*-রা চাইলে সারা রাত অবস্থান করতে পারে।

Recent Bazar

## Step # 14

প্রশ্নের **1** এবং **5** এই দুটো বক্তব্য বাকি আছে। **5**-এর বক্তব্যে Text-এর উপরের কথারই প্রতিধ্বনি শোনা যায়:

*It is possible to stay overnight at this festival.*

তার মানে, **5**-এর উত্তর হবে: **F**।

**শব্দের অর্থ**

***put xyz up*** = *xyz*-কে অল্প সময়ের জন্য থাকার জন্য জায়গা দেওয়া। ***overnight*** (ঔভার্‌নাইট্‌) = সারারাত।

ফিচারিং = ফিচার নিয়ে = বৈশিষ্ট্য নিয়ে

## Step # 15

which include ≈

এবার **(G)**-এর প্রথম থেকে মন দিয়ে পড়া যাক:

*Featuring demonstrations from world champion dancers and stars from the TV series Strictly Come Dancing, the festival promises toe-tapping action, including a world-record* *<u>attempt, where everyone is invited</u> to join in.* (অর্থাৎ, টিভি সিরিজ *Strictly Come Dancing*-এর বিশ্ব চ্যাম্পিয়ন নৃত্য শিল্পী ও তারকাদের নাচের প্রদর্শণীকে একটি প্রধান আকর্ষণ হিসেবে অন্তর্ভুক্ত করে উৎসবটি *toe-tapping action*-এর প্রতিশ্রুতি দেয়, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বিশ্ব রেকর্ড করার একটা প্রচেষ্টা, যেখানে প্রত্যেককেই যোগ দেয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়।)

### toe-tapping action-এর ব্যাখ্যা

***toe*** শব্দের অর্থ ‘পায়ের আঙ্গুল’ আর ***tap*** (ট্যাপ্‌) অর্থ আলতোভাবে টোকা দেয়া।

*<u>toe-tapping action</u>* হলো মেঝের উপর পায়ের আঙ্গুল দিয়ে আলতোভাবে টোকা দিয়ে তাল বা ছন্দ তৈরি করে নাচা। এই ধরনের নাচকে *tap-dancing*-ও বলা হয়।

উপরে **(G)**-এর *Dance Festival*-টিতে *toe-tapping action*-এর *event*-টাকে সফল করার জন্য *visitor*-দের প্রত্যেককেই তাতে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয় যেখানে যে কেউ চাইলে এই ধরনের নাচে বিশ্ব রেকর্ড করার *attempt* বা চেষ্টা করতে পারে।

Passage-এর শব্দগুলোকে ঘুরিয়ে অন্যভাবে প্রশ্নের বাক্যে বলা হচ্ছে।

সমার্থক

## Step # 16

প্রশ্নে যেয়ে একেবারে প্রথম statement-টা মন দিয়ে পড়লাম:

*<u>Visitors can help</u> to make <u>one particular event</u> a success at this festival.*

বোঝাই যাচ্ছে **1**-এর উত্তর হবে: **(G)**।